



FENI UNIVERSITY

Trunk Road, Feni-3900, Bangladesh

Phone: 0331-62194, 69132-33

www.feniuniversity.ac.bd

ফেলোশিপ

দেশের অন্যতম দ্রুত বিকাশমান উচ্চশিক্ষা প্রতিষ্ঠান ফেনী ইউনিভার্সিটি “মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ রাষ্ট্রের চূড়ান্ত আবির্ভাবে ফেনী” শীর্ষক গবেষণার ওপর রিসার্চ ফেলোশিপ প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। ফেনীর দুই স্বনামধন্য সামাজিক দাতব্য প্রতিষ্ঠান-‘সালেহ উদ্দিন-হোসনে আরা চৌধুরী ফাউন্ডেশন’ এবং ‘দেল আফরোজ ও কমিশনার জয়নাল আবেদীন হাজারী ফাউন্ডেশন’ এই ফেলোশিপটির অর্থায়ন করবে।

ফেলোশিপ-এর বিস্তারিত :

ফেনী জেলা দীর্ঘকাল ধরেই দেশের অন্যতম প্রতিশ্রুতিশীল ও সম্ভাবনাময় স্থান হিসেবে পরিচিত। বহু বিশিষ্ট মুক্তিযোদ্ধা, শিল্পী, বুদ্ধিজীবী ও রাজনীতিবিদের জন্ম এখানে, যাঁরা বাংলাদেশের মানুষের অধিকার আদায়ে এবং মুক্তির দাবিতে বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলন-সংগ্রামে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। এর ধারাবাহিকতাই চূড়ান্ত মুক্তি ঘটে। এই অঞ্চলটি ভারত-সীমান্তবর্তী এবং বঙ্গোপসাগর সংলগ্ন হওয়ায় মুক্তিযুদ্ধের সময়ে মুক্তিবাহিনী ও হানাদারবাহিনী-উভয়ের জন্যই কৌশলগতভাবে এক গুরুত্বপূর্ণ স্থান হয়ে উঠেছিলো। ফলস্বরূপ, মুক্তিযুদ্ধজুড়ে ফেনীতে দুই বাহিনীর বেশ কিছু দুর্দান্ত লড়াইয়ের কথা জানা যায়। কিন্তু, এদেশের মুক্তি-আন্দোলনে ফেনীর বহু মানুষের গৌরবময় অবদান থাকা সত্ত্বেও তারা কেউই এ-পর্যন্ত যথাযথ রাষ্ট্রীয় স্বীকৃতি পাননি।

এ পরিপ্রেক্ষিতে ফেনী ইউনিভার্সিটি “মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ রাষ্ট্রের চূড়ান্ত আবির্ভাবে ফেনী” শীর্ষক এক রিসার্চ ফেলোশিপ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। রাজনৈতিক পরিচয় নির্বিশেষে যে-কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংগঠন এই গবেষণার আধেয়ভুক্ত (Research Content) হবে।

ফেলোশিপটির অর্থায়নে ফেনীর দুটি স্বনামধন্য সামাজিক দাতব্য প্রতিষ্ঠান-‘সালেহ উদ্দিন-হোসনে আরা চৌধুরী ফাউন্ডেশন’ এবং ‘দেল আফরোজ ও কমিশনার জয়নাল আবেদীন হাজারী ফাউন্ডেশন’ এগিয়ে এসেছে।

আলোচ্য গবেষণার জন্য বাংলাদেশী নাগরিকদের মধ্যে (ফেনী অঞ্চলের প্রার্থী অগ্রাধিকার পাবে) সামাজিক-রাজনৈতিক গবেষকগণের নিকট আবেদনপত্র (গবেষণাপত্র ও আর্থিক প্রস্তাব) আহ্বান করা হচ্ছে। আবেদনপত্রে-কোনো তিনি আলোচ্য গবেষণার জন্য নিজেদের উপযুক্ত মনে করছেন-তা উল্লেখ করতে হবে। সেই সাথে গবেষণার পদ্ধতিও (Research Methodology) জানাতে হবে।

প্রার্থী গবেষণার জন্য নির্বাচিত হলে তাকে গবেষণা শুরুর আগে একটি সূচনা সেমিনার, গবেষণার মাঝামাঝি সময়ে সার্বিক অগ্রগতি নিয়ে আরেকটি সেমিনার এবং গবেষণা শেষে চূড়ান্ত সেমিনার প্রদান করতে হবে। গবেষণাপত্রটি যে-কোনো আন্তর্জাতিক মানের জার্নালে অবশ্যই প্রকাশ করতে হবে। গবেষণাকালীন নির্বাচিত প্রার্থীর সাথে ইউনিভার্সিটি কর্তৃপক্ষের সংযোগ রক্ষার্থে ফেনী ইউনিভার্সিটির দুজন শিক্ষক নিয়োজিত থাকবেন। গবেষণা কাজের ফলাফল নিয়ে মানসম্পন্ন বই/মনোগ্রাফ প্রকাশ করা হবে এবং প্রকাশনাটি চূড়ান্ত অনুমোদনের পূর্বে বিশেষ সম্পাদকীয় প্যানেল দ্বারা মূল্যায়িত হবে।

আবেদন পদ্ধতি :

আগ্রহী গবেষকদের আবেদনপত্রের সাথে জীবন বৃত্তান্ত, ০২ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের কপি, পূর্বে করা গবেষণার কপি সংযুক্ত করে রেজিস্ট্রার, ফেনী ইউনিভার্সিটি বরাবর পাঠাতে হবে।

ঠিকানা: ১৮৪৫, বারাহিপুর, ট্রাংক রোড, ফেনী-৩৯০০